গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সেতু বিভাগ
প্রশাসন অধিশাখা
সেতু ভবন, বনানী, ঢাকা-১২১২
www.bridgesdivision.gov.bd

স্মারক নং-৫০.০০.০০০০.২০১.১১.১০৭.১৯-৩৭

তারিখ: ০৭ মাঘ ১৪২৭
২১ জানুয়ারি ২০২১

# নিয়োগ বিজ্ঞপ্তি

সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের সেতু বিভাগের রাজস্বভুক্ত পদে নিম্নবর্ণিত শর্তে জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী জনবল নিয়োগের জন্য প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

| ক্রমিক নং | পদের নাম ও বেতনস্কেল (জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী) | পদসংখ্যা | বয়সসীমা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ০১. | কম্পিউটার অপারেটর<br>বেতনস্কেল: টাকা ১১,০০০ - ২৬৫৯০ (গ্রেড-১৩) | ০৫ (পাঁচ)টি | অনূর্ধ্ব-৩০ | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বিজ্ঞান বিভাগে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) কম্পিউটার টাইপিং-এ সর্বনিম্ন গতি প্রতিমিনিটে ইংরেজী ৩০ এবং বাংলায় ২৫ শব্দ। |
| ০২. | ক্যাশ সরকার<br>বেতনস্কেল: টাকা ৮৮০০ - ২১৩১০ (গ্রেড-১৮) | ০১ (এক)টি | অনূর্ধ্ব-৩০ | কোন অনুমোদিত শিক্ষা বোর্ড হইতে কমপক্ষে ২য় বিভাগে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এস.এস.সি.) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ০৩. | অফিস সহায়ক<br>বেতনস্কেল: টাকা ৮২৫০ - ২০০১০ (গ্রেড-২০) | ০২ (দুই)টি | অনূর্ধ্ব-৩০ | মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এস.এস.সি.) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |

**আবেদনের শর্ত ও নিয়মাবলী:**

০১. ০১/০১/২০২১ তারিখে প্রার্থীর বয়সসীমা ১৮-৩০ বছর হতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩২ বছর। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যাদের ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩০ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে কোনো প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য হবে না;

০২. সরকারি, আধাসরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে;

০৩. নিয়োগের ক্ষেত্রে সরকারের প্রচলিত বিধিবিধান প্রতিপালিত হবে;

০৪. ২ ও ৩ নং ক্রমিকের বর্ণিত পদের ক্ষেত্রে লিখিত পরীক্ষায় উত্তীর্ণদের মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে। ১ নং ক্রমিকে বর্ণিত পদের ক্ষেত্রে লিখিত পরীক্ষায় উত্তীর্ণদের ব্যবহারিক পরীক্ষা গ্রহণ করা হবে এবং ব্যবহারিক উত্তীর্ণদের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেওয়া হবে;

০৫. আবেদনকারী সেতু বিভাগের ওয়েবসাইট www.bridgesdivision.gov.bd তে প্রবেশ করে **e-Recruitment menu** অথবা https://eservice.bba.gov.bd/recruitment/ এর মাধ্যমে **২৫/০১/২০২১ তারিখ সকাল ১০.০০ টা থেকে শুরু হয়ে ১৪/০২/২০২১ তারিখ বিকাল ৫.০০ টা পর্যন্ত আবেদন করতে পারবেন;**

০৬. আবেদনপত্রে প্রার্থীকে তার রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৩০০ pixel) এবং স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৮০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে আপলোড করতে হবে। ছবি ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ ৫০ kb-এর মধ্যে হতে হবে;

০৭. নির্ভুলভাবে আবেদনপত্র Submit করার পর প্রার্থী ছবি ও স্বাক্ষরযুক্ত একটি Auto Generated Registration Card পাবেন। সফলভাবে আবেদন করার পর আবেদনকারীর মোবাইলে এসএমএস ও ইমেইলে (যদি দেয়া হয়ে থাকে) একটি User ID ও Password প্রেরণ করা হবে। উক্ত রেজিস্ট্রেশন কার্ডে ফি পরিশোধের নির্দেশনা দেয়া থাকবে। রেজিস্ট্রেশন কার্ডটি প্রিন্ট করে সংরক্ষণ করতে হবে;

০৮. প্রার্থীকে সফলভাবে আবেদনপত্র Submit করার ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে বিকাশের (bKash) মাধ্যমে পরীক্ষার ফি বাবদ (অফেরতযোগ্য) ক্রমিক ১ বর্ণিত পদের জন্য ১০০.০০ টাকা এবং অনলাইন ফি বাবদ ১০.০০ টাকাসহ **সর্বমোট ১১০.০০ (একশত দশ)** টাকা এবং ক্রমিক ২ ও ৩ পদের জন্য ৫০ টাকা এবং অনলাইন ফি বাবদ ১০ টাকা **সর্বমোট ৬০ (ষাট টাকা)** পরিশোধ করতে হবে। আবেদন করার ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে ফি পরিশোধে ব্যর্থ হলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে;

০৯. User ID ও Password দিয়ে প্রার্থী নিজস্ব তথ্য উক্ত ওয়েবসাইট লিঙ্ক হতে পুনরুদ্ধার করতে পারবেন;

১০. **বিকাশের মাধ্যমে টাকা জমাদানের প্রক্রিয়া:**

**১ম ধাপ:** আবেদনের ওয়েবসাইটের **e-Recruitment menu**-এর ক্লিক করে লগইন অপশন 'Applicant Login' অথবা https://eservice.bba.gov.bd/recruitment/index.php/userpanel/login বাটনে ক্লিক করুন;

**২য় ধাপ:** User ID ও Password প্রদান করে Applicant Dashboard-এ প্রবেশ করুন;

**৩য় ধাপ:** 'Payment Information/Download Admit Card' মেনুতে ক্লিক করুন;

**৪র্থ ধাপ:** 'Pay With bKash' লিংক-এ ক্লিক করার পর একটি পপআপ উইন্ডো আসবে। পপআপ উইন্ডো এর 'Your bKash Account number' টেক্সটবক্সে যে বিকাশ এ্যাকাউন্ট থেকে ফি পরিশোধ করা হবে সেটি প্রদান করুন;

**৫ম ধাপ:** বিকাশ এ্যাকাউন্ট প্রদান করার পর 'CONFIRM' বাটনে এ ক্লিক করুন;

**৬ষ্ঠ ধাপ:** বিকাশ থেকে একটি গোপন 'Verification Code' প্রদানকৃত বিকাশ এ্যাকাউন্টের নম্বরে এসএমএস প্রেরণ করা হবে। 'Verification Code'টি প্রদান করে 'CONFIRM' বাটনে এ ক্লিক করুন;

**৭ম ধাপ:** বিকাশ এ্যাকাউন্টের PIN নম্বরটি প্রদান করে 'CONFIRM' এ বাটনে ক্লিক করুন;

**৮ম ধাপ:** সফলভাবে ফি পরিশোধ হয়ে গেলে 'Transaction Successful Your Payment has been successfully completed…' মেসেজ দেখাবে এবং আবেদনকারী প্রবেশপত্র ডাউনলোড ও প্রিন্ট করে সংরক্ষণ করবেন;

১১. সেতু বিভাগের Website এবং প্রার্থীর মোবাইল (Mobile) ফোনে SMS এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদেরকে) পরীক্ষার তারিখ, স্থান ও সময় জানিয়ে দেয়া হবে;

১২. প্রার্থীর যোগ্যতা যাচাই:

ক. প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিল করা হবে এবং তাঁর বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। মৌখিক পরীক্ষার সময় সকল প্রকার সনদের মূলকপি প্রদর্শন করতে হবে এবং সনদসমূহের ফটোকপি জমা দিতে হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যে কোনো প্রার্থীর আবেদন বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে;

খ. জেলার স্থায়ী বাসিন্দা বাংলাদেশের নাগরিকত্ব প্রমাণের সনদ হিসাবে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি করপোরেশন প্রদত্ত সনদ দাখিল করতে হবে;

গ. যদি কোনো প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোনো ব্যক্তিকে বিয়ে করেন বা করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা কোনো ফৌজদারি আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগে দণ্ডিত হন কিংবা কোনো সরকার বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকরি হতে বরখাস্ত হয়ে থাকেন এবং উক্তরূপ বরখাস্তের পর দুই বছর অতিক্রান্ত না হয়ে থাকে, তবে তিনি আবেদন করার জন্য যোগ্য বিবেচিত হবেন না;

১৩. লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না;

১৪. কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি/বাতিল করার অধিকার সংরক্ষণ করে;

১৫. নিয়োগ পরীক্ষা ও নিবন্ধন সংক্রান্ত যে কোনো বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে; এবং

১৬. বিজ্ঞপ্তিটি সেতু বিভাগের www.bridgesdivision.gov.bd-এ পাওয়া যাবে। এই নিয়োগ বিজ্ঞপ্তি সম্পর্কিত কোনো সংশোধন, সংযোজন (যদি থাকে) সেতু বিভাগ এর নিজস্ব ওয়েবসাইটে পাওয়া যাবে।

২৭.১.২০২১

(এইচ. এম রকিব হায়দার)
উপসচিব (প্রশাসন), সেতু বিভাগ
ও
সদস্য সচিব, নিয়োগ কমিটি